2921 · 4882

I 4310

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

भारत

एक हज़ार रूपये ONE THOUSAND RUPEES

Sub-Registrar, Alipore
24 Parganas

4.882

সাফ বিক্রয় কোবালা মূল্য ৩৫,০০০ টাকা।

| কোবালা গ্রহীতা :- | কোবালা দাতা :- |
| --- | --- |
| শ্রীমতী মিতা পাল<br>ওরফে প্রতিমা পালচৌধুরী<br>পতি শ্রী ধীরেন্দ্র চন্দ্র পাল<br>জাতি হিন্দু, পেশা চাকুরী<br>সাং ৮৫/বি, দুর্গাচরণ ডাক্তার<br>রোড, কলিকাতা- ১৪ । | ১) শ্রী প্রণব কুমার মুখোপাধ্যায়<br>২) শ্রী প্রবীর কুমার মুখোপাধ্যায়<br>উভয়ের পিতা শ্রী অমূল্য রতন<br>মুখোপাধ্যায়, জাতি হিন্দু,<br>পেশা ব্যবসা, সাং ১৯ বন্ধু<br>বনমালী নস্কর রোড, থানা<br>বেহালা, জেলা ২৪ পরগনা,<br>কলিকাতা- ৬০ । |

কস্য সকর মৌরসী দখলী বাস্তু জমি ও তদুপরিস্থিত পাকা বাটি সহ সমন পাটের ও যাবতীয় স্বত্ব ও সর্ব্ব প্রকার ইজমেন্ট ইত্যাদি সহ দখলী ফল স্বত্ব সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

5723(8)
... Rs. 1000/- ...
Date 2-8-82

5723 (8)-
1000x2 - 2000/-
- 750/-
50x3 - 150/-
- 20/-
- 1/-
2921/-

... 4th
August 82 ...
Banab Kumar Mukhopadhya
executed

প্রবীর কুমার মুখোপাধ্যায়

(1) Banab Kumar Mukhopadhya
(2) Bakir Kumar Mukhopadhya
S/o Amulya Ratan Mukhopadhya
of 19 Banamali Naskar Road, Cal-60
Behala
24-Parganas
Hindu Business

Sub-Registrar, Alipore
24 Parganas
4.8-82

প্রবীর কুমার মুখোপাধ্যায়

4594

Bimalendu Mondal
Advocate

প্রবীর কুমার মুখোপাধ্যায়

4595

Bimalendu Mondal
Advocate

Sub-Registrar, Alipore
24 Parganas
4.8.82

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs1000

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

(২)

জেলা ২৪ পরগনা, থানা বেহালা সাব রেজেষ্ট্রী অফিস আলিপুর বেহালা, পরগনা বালিয়া, ২৪ পরগনা কালেক্টরীর অন্তর্গত সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির অধীনে, জে: এল: নং ৮, মৌজা সাহাপুর, খতিয়ান নম্বর ১৫৪৪ ও ৩৬১০, ৩৬১২ দাগের অন্তর্গত ২৪০ একর আনুমানিক পনর কাঠা জমি সহ তদুপরিস্থিত গৃহাদি সহ সাকল্যে স্থাবরাদি সম্পত্তিতে আমাদের পিতামহ প্রমথ নাথ মুখোপাধ্যায় স্বত্ববান ও মালিক দখলকার থাকাবস্থায় উক্ত প্রমথ নাথ মুখোপাধ্যায় এক রেজেষ্ট্রীকৃত দান পত্র দলিল মূলে বিগত ১৯৫৯ সালের ৩১ শে মার্চ তারিখে আমরা দলিল দাতাগণ ও আমাদের মাতা শ্রীমতী শানু দেবীকে দানার্পণ করিলে আমরা দলিল দাতাগণ ও আমাদের মাতা শ্রীমতী শানু দেবী উক্ত সম্পত্তিতে দান সূত্রে স্বত্ববান ও মালিক দখলকার হই ও থাকি।

অতঃপর আমাদের পরস্পর দখলের সুবিধার জন্য আমাদের মাতা শ্রীমতী শানু দেবী উক্ত সম্পত্তি বাটোয়ারার জন্য আমরা দলিল দাতাগণকে বিবাদী করিয়া আলিপুর সপ্তম সাব জজ আদালতে সন ১৯৬২ সালের ৩ নং বাটোয়ারা মোকদ্দমা আনয়ন করিয়া তাহাতে বাটোয়ারার প্রাথমিক ডিক্রী এবং অবশেষে বিগত ২৮।৩।৬২ তারিখে বাটোয়ারার ফাইনাল ডিক্রী প্রাপ্ত হন। উক্ত বাটোয়ারা মোকদ্দমায় ফাইনাল ডিক্রী মূলে উক্ত সম্পত্তি বিভাগ

750 Rs.

INDIA NON JUDICIAL

৩৫০ রু.　　Rs750

भारत

सात सौ पचास रूपया　SEVEN HUNDRED & FIFTY RUPEES



বন্টন সূত্রে আমরা দলিল দাতাগণ উক্ত সম্পত্তির "বি" ব্লক ও আমাদের মাতা শ্রীমতী শান্তা দেবী "এ" ব্লক প্রাপ্ত হইয়া তাহাতে যাহার তাহার অংশে ১ আনার স্বত্ববান ও মালিক দখলকার হন। আমরা দলিল দাতাগণের "বি" ব্লকের জমির পরিমান কমবেশী ৮ কাঠা ৩ ছটাক ছিল। অতঃপর আমরা দলিল দাতাগণ আমাদের বাটোয়ারা সূত্রে প্রাপ্ত ৮ কাঠা ৩ ছটাক জমির কিয়দংশ রেজেস্ট্রী কোবালা মূলে অন্যত্র বিক্রয় করিয়া বিক্রয় বিশিষ্ট কমবেশী ৪ চারি কাঠা ১২ বার ছটাক ৩২ বত্রিশ স্কোয়ার ফিট জমি ও তদুপরিস্থিত নয় খানা পাকা ঘর, তিন খানা টালির চালা, দ্বিতলে অবস্থিত এক খানি টালির চালা, সিঁড়ি, যাবতীয় সাজপাট ও তৎপূর্ব্ব ও উত্তর দিকের তের ছটাক পঁয়ত্রিশ স্কোয়ার ফিট কমন প্যাসেজ সর্ব্ব মোট পাঁচ কাঠা দশ ছটাক বাইশ স্কোয়ার ফিট জমি ও গৃহাদিতে স্বত্ববান ও মালিক দখলকার আছি।

এক্ষণে আমরা দলিল দাতাগণের অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় আমরা দলিল দাতাগণ আমাদের পূর্ব্ব বর্ণিত জমি ও গৃহাদি ও কমন প্যাসেজের ভূমি বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি কোবালা গ্রহিতা তাহা ক্রয় করিতে রাজী হইয়া উহার সর্ব্বোচ্চ বাজার মূল্য মং ৩৫,০০০, পঁয়ত্রিশ হাজার টাকা দিতে বলায় আমরা কোবালা দাতাগণ আপনার প্রস্তাবে সম্মত হইয়া বিগত ৭।৬।৮২ ইংরাজী তারিখে আপনার বরাবরে এক খন্ড বায়না পত্র সম্পাদন করিয়া স্থিরিকৃত মূল্য মং ৩৫,০০০, পঁয়ত্রিশ হাজার টাকার মধ্যে বায়না বাবদ মং ৬০০১, ছয় হাজার এক টাকা গ্রহণ করিয়াছিলাম। সেমতে অদ্য ২।৮।৮২ ইংরাজী তারিখে স্থিরিকৃত পণের বাকী মং ২৮,৯৯৯,

50 Rs.






আঠাশ হাজার নয় শত নিরানব্বই টাকা এবম্প্রকারে পণের সাকুল্য মবলক ৩৫,০০০ পঁয়ত্রিশ হাজার টাকা বুঝিয়া পাইয়া নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি সায় যাবতীয় স্বত্ব লভ্য ও ইজমেন্ট স্বত্বাদি আপনার নিকট সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নির্ব্যূঢ় স্বত্বে বিক্রয় করিলাম এবং বিক্রীত সম্পত্তি হইতে সম্পূর্ণ নিস্বত্ব ও দখলচ্যুত হইলাম। বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব লভ্য অধিকার হক হকিয়ৎ দখল সংস্রব দাবী দাওয়া ছিল ও আছে বা হইতে পারে তাহা অত্র কোবালা মূলে আমাদিগতে লোপ ও রহিত হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশ ও স্থলবর্ত্তীগণ এক্রমে সম্পূর্ণ নিদ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আপনাতে বর্ত্তিল।

অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমাদের স্বত্বে সম্পূর্ণ স্বত্ববতী ও মালিক দখলকারিনী হইয়া মালিক সরকারে খরিদা সম্পত্তির একমাত্র মালিক স্বত্বাধিকারিনি হইয়া নিজ নাম জারী করতঃ দান বিক্রয়াদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও অবস্থান্তরের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশ ও স্থলবর্ত্তীগণ এক্রমে নিস্কন্টকে তাহা ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমাদের বা আমাদের ওয়ারীশ ও স্থলবর্ত্তীগণ, একজিকিউটার, এডমিনিস্টেটর, এসাইনি, ট্রাস্টী প্রভৃতি কেহ কস্মিন কালেও কোনও প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিবে না। যদ্যপি কেহ কখনও আপত্তি করে তবে তাহা সর্ব্বতো ভাবে বাতিল ও নামঞ্জুর হইবে।

প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তি বা তাহার কোনও অংশ বন্ধকাদি দ্বারা দায়াবদ্ধ করি নাই বা হস্তান্তর করিবার জন্য ইতিপূর্ব্বে অদ্য কাহারও সহিত কোনও চুক্তি করি নাই বা উহার উপর দেব সেবাদির বা কাহারও কোনরূপ খোরাকির চার্জ্জ নাই বা উক্ত সম্পত্তি আমাদের

50 Rs.




(৫)

বিরুদ্ধে কোনও রূপ মামলায় সংশ্লিষ্ট সম্পত্তি নহে । তাহা কাহারও জামিনের দায়ে আবদ্ধ নহে বা উহা কোনও আদালত হইতে ক্রোকাবদ্ধ হয় নাই বা উহা কাহাকেও প্রজাবিলি করা হয় নাই । যদ্যপি বিক্রীত সম্পত্তি বা তাহার কোনও অংশ সম্বন্ধে আমাদিগ কর্তৃক কোনও রূপ হস্তানুর, দায় সংযোদ, দেব সেবাদির চার্জ থাকা বা উক্ত সম্পত্তি ১ আনা রকমে নির্ব্যূঢ় সূত্রে বিক্রয় করিবার অক্ষুন্ন সুত্বাধিকার না থাকা প্রকাশ পায় এবং তজ্জন্য বিক্রীত সম্পত্তিতে আমাদের সুত্ব দখলের দোষে বা নিজকৃত কার্য্যতার দ্বারা আপনার সুত্ব দখলের কোনও রূপ ব্যাঘাত হয় এবং তজ্জন্য আপনি ক্ষতি গ্রস্থ হন বা বিক্রীত সম্পত্তি বা তাহার কোনও অংশ হইতে বেদখল হন তবে আমরা কোবালা দাতাগণ পুত্র পৌত্রাদি ওয়ারিশ ও স্থলবর্ত্তীগণ এক্ষে তৎক্ষতি পূরণ করিতে বাধ্য ও দায়ী রহিলাম । আরও প্রকাশ থাকে যে, কোবালাকৃত সম্পত্তিতে আপনার সুত্ব দখলের অক্ষুন্ন ভাবে কায়েম বজায় থাকার জন্য যদি ভবিষ্যতে আমাদের বা আমাদের ওয়ারিশ ও স্থলবর্ত্তীগণ কর্তৃক অপর কোনও দলিল সম্পাদন ও তাহা রেজেষ্ট্রী করার প্রয়োজন হয় তবে আপনার ব্যয়ে তাহা সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য ও দায়ী রহিলাম ।

এতদর্থে স্বেচ্ছায় ও সুজ্ঞানে দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পণের সমূল্য টাকা বুঝিয়া পাইয়া আপনার বরাবরে এই সাফ কোবালা দলিল সম্পাদন করিয়া দিলাম । ইতি তারিখ ইংরাজী সন ১৯৮২ সালের ২ রা আগষ্ট সোমবার ।

50 Rs.




( ৬ )

তপশীল বিএীত সম্পত্তির পরিচয় :-

জেলা ২৪ পরগনা, থানা বেহালা, সাব রেজেষ্ট্রী অলিপুর ও বেহালা, পরগনা বালিয়া ,২৪ পরগনা কালেকটারীর অনুর্গত সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটির অধীন $\frac{৬৭}{৫৮}$ নং হোলডিং, জেঃএলঃ নং ৮, মৌজা সাহাপুর , খতিয়ান ১৫৪৪ নং এবং ৩৬১০ ও ৩৬১২ দাগের জমি মধ্যে কমবেশী ৪ চার কাঠা ১২ বার ছটাক ৩২ বত্রিশ স্কোয়ার ফিট বাস্তু জমি ও তদুপরিস্থিত নয় কামরা পাকাঘর তিনখানি টালির চালা দ্বিতলে অবস্থিত একখানা টালির চালা, সিড়ি সায় যাবতীয় সানপাট যাহা (বর্তমানে ভাড়া দেওয়া আছে) এতদ সঙ্গীয় নকসায় লাল রঙের বর্ডার দ্বারা রঞ্জিত হইয়াছে এবং যাহার বার্ষিক খাজনা হারাহারি মং ২৮.৩৭ পয়সা জিলা কালেকটার বাহাদুরের সেরেস্তায় আদায় দিতে হয় ও উক্ত ভূমির পূর্ব্ব ও উত্তর দিকে কমন প্যাসেজ, যাহার পরিমান ১৩ তের ছটাক ৩৫ পঁয়ত্রিশ স্কোয়ার ফিট মোট ৫ পাঁচ কাঠা ১০ দশ স্কোয়ার ফিট জমি বিএীত বটে। $\frac{৬৭}{৫৮}$ নং হোলডিং, রায় বাহাদুর রোড

20 Rs.




(৭)

উহার চৌহদ্দিঃ-

উত্তরে :- প্রীতি কুমার ভট্টাচার্য্য, শানুদেবী ও এ, কে, পালের জমি।

দক্ষিণে :- রায় বাহাদুর রোড।

পূর্ব্বে :- শ্রী সুশীল কুমার চ্যাটার্জ্জি দি জমি।

পশ্চিমে :- শ্রীশানু দেবীর জমি।

1Re




(৮)

টাকার জমা :-

৭।৬।৮২ তারিখে বায়না বাবত দেওয়া মং . ৬০০১ টাকা

অদ্য ২।৮।৮২ ইংরাজী নগদ মং - ২৮,৯৯৯ টাকা

একুনে মবলক ৩৫,০০০ টাকা মাত্র।

মং পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র।

সাক্ষী :-

কলিকাতা - ১৪

টাইপ কারক

শ্রী হৃদয় কুমার মন্ডল

আলিপুর জজ কোর্ট

5723(8)

R. C. Roy

No. 11

Date 28.7.8

Alipore

-Registrar, Alipore
24 Parganas

4.8.8

21.7.84

Registrar, Alipore
24 Parganas